তরুণকণ্ঠ
আজ বেরিয়েছে ফিচার পাতা তরুণকণ্ঠ
মূল ফিচার : চাই সালাদি, আত্মবিশ্লেষণ, তারুণ্যের অন্তর্লোক, গাইডলাইনসহ নানা বিভাগ।

আজ শনিবার
২৪ পৃষ্ঠা
তরুণ কণ্ঠ, অর্থনীতি ও এনজিওসহ
মূল্য ১০.০০ টাকা
THE DAILY ITTEFAQ
www.ittefaq.com.bd

রেজি-ডিএ ৮৪
৬৩তম বর্ষ
২১৯ সংখ্যা
১৯ শ্রাবণ ১৪২০
২৪ রমজান ১৪৩৪ হিজরি
৩ আগস্ট ২০১৩

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া



আগেলঝাড়ায় বেনারসী পল্লী বন্ধের পথে পৃষ্ঠা ১৫

সুবর্ণা মুস্তাফার 'ভূত সমাচার' পৃষ্ঠা ১২



কংগ্রেসে অভিবাসন বিল পাস না হওয়ায় বিক্ষোভ পৃষ্ঠা ১৪



ক্যারিবীয় প্রিমিয়ার লিগে সাকিবের দাপট পৃষ্ঠা ১৬



নোটিশ

# সাফল্যের সাথে এগিয়ে চলছে ঈশা খাঁ বিশ্ববিদ্যালয়




ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশ। কিশোরগঞ্জ জেলার একমাত্র বিশ্ববিদ্যালয়টির যাত্রা শুরু হয় মাত্র এক বছর হলো। মনোমুগ্ধকর পরিবেশে ক্লাস চলছে। কিশোরগঞ্জ শহরের কোলাহল থেকে একটু দূরে শোলাকিয়ার নীলগঞ্জ রোডের বিশাল বিল্ডিংয়ে দাঁড়িয়ে আছে এ বিশ্ববিদ্যালয়ের ভবনটি। চারটি বিভাগে প্রায় তিন শ ছাত্রছাত্রী নিয়মিত ক্লাস করছে বিশ্ববিদ্যালয়ে নিয়ম-নীতি, দক্ষতা ও আনন্দঘন পরিবেশের মধ্যেই। বিশ্ববিদ্যালয়টির চারটি বিভাগ হলো—বাণিজ্য বিভাগ, আইন বিভাগ, ইংরেজি বিভাগ, বিএসসি কৃষি বিভাগ। বিশ্ববিদ্যালয়টি ঘুরে কথা হয় বিভিন্ন বিভাগের ছাত্রছাত্রীর সাথে। বিবিএ ২য় বর্ষের আছমা খানমকে নতুন বিশ্ববিদ্যালয়ে ভর্তি এবং লেখাপড়া সম্পর্কে জানতে চাইলে আছমা খুব প্রফুল্লভাবে তার অনুভূতির কথা জানায় যে, তাদের এলাকায় এমন একটি আদর্শ বিশ্ববিদ্যালয় হওয়ায় সে বিবিএ পড়ার সুযোগ পেয়েছে। এখানে খুব অল্প খরচে পড়তে পারছে। আছমা ছোট বেলা থেকে মেধাবী এবং উচ্চশিক্ষার আশা তার মনে ছিল। কিন্তু দরিদ্র বাবা-মা কি তার ইচ্ছে পূরণ করতে পারত? যদি এখানে বিশ্ববিদ্যালয় না হতো। এ ছাড়া নতুন বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার, ইন্টারনেট, লাইব্রেরি, ক্যান্টিন, জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ে বিভিন্ন অনুষ্ঠান, ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি সবকিছুতেই ছাত্রছাত্রীরা খুব স্বতঃস্ফূর্তভাবে লেখাপড়ার পাশাপাশি অংশগ্রহণ করছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. দুর্গাদাস ভট্টাচার্যর সাথে কথা বললে প্রথমে তিনি জানান, দীর্ঘদিন কিশোরগঞ্জ জেলার মেধাবী ছাত্রী-ছাত্রীরা দেশের বিভিন্ন এলাকায় গিয়ে খুব কষ্ট করে লেখাপড়া করার অবসান হয় ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশ প্রতিষ্ঠার মাধ্যমে। নতুন হিসেবে খুব অল্প সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় তিন শ। ৩য় সেমিস্টার চলছে। ২০১২ সালের মার্চের যাত্রা শুরু। এ বিশ্ববিদ্যালয়ে খুব অল্প খরচে ছাত্রছাত্রী ভর্তি করানো হচ্ছে। মেধা অনুযায়ী স্কলারশিপের ব্যবস্থা আছে। মেধাবী, দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকরা এ বিশ্ববিদ্যালয়ে ক্লাস নিচ্ছে। সুশৃঙ্খল পরিবেশ, গোছানো অফিস, স্টাফ, মেধাবী ছাত্র-ছাত্রী, অভিজ্ঞ ও দক্ষ শিক্ষক নিয়ে এগিয়ে যাচ্ছে নতুন এ বিশ্ববিদ্যালয়টি। যার উদ্দেশ্য একটি আদর্শ বিশ্ববিদ্যালয় হিসেবে মেধাবী ছাত্রছাত্রী গড়ে তোলা এবং এসব ছাত্রছাত্রী তাদের মেধা ও যোগ্যতা দিয়ে বিশ্বের কাছে তুলে ধরবে এ দেশকে, এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পথকে।

ক্যাম্পাসের টুকরো খবর

# আশা ইউনিভার্সিটি বাংলাদেশ

● ক্যাম্পাস প্রতিবেদক

আশা ইউনিভার্সিটি বাংলাদেশ (আশাইউবি)-এর অ্যাপায়িড সোসিওলজি বিভাগ এবং বন্ধু স্যোসাল ওয়েলফেয়ার সোসাইটি যৌথভাবে এইচআইভি/এইডস বিষয়ক এক সেমিনারের আয়োজন করে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আশা ইউনিভার্সিটি বাংলাদেশ-এর উপাচার্য অধ্যাপক ড. ডালেম চন্দ্র বর্মণ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেডিও ভুবন-এর প্রধান নির্বাহী কর্মকর্তা মিস নুসরাত খান। প্রবন্ধ উপস্থাপন করেন বন্ধু স্যোসাল ওয়েলফেয়ার সোসাইটি-এর প্রোগ্রাম ম্যানেজমেন্ট স্পেশালিষ্ট উম্মে ফারহানা জারিফ কান্তা। উক্ত সেমিনারে আরো বক্তব্য রাখেন অ্যাপাইড সোসিওলজি বিভাগের চেয়ারম্যান ড. আহসান হাবিব, বন্ধু স্যোসাল ওয়েলফেয়ার সোসাইটি-এর পাবলিক রিলেশন এবং রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগের ম্যানেজার ড. পলাশ বরণ চক্রবর্তী, এবং আশা ইউনিভার্সিটি বাংলাদেশ-এর অতিরিক্ত পরিচালক শাহজাহান ভুইয়া। অনুষ্ঠানে অ্যাপাইড স্যোসিওলজি বিভাগ হতে প্রকাশিত 'বন্ধন' ম্যাগাজিন এর প্রথম সংখ্যার শুভ উদ্বোধন করা হয়।

# ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

● ক্যাম্পাস প্রতিবেদক

ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের উদ্যোগে কিশোরগঞ্জের এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান সম্প্রতি জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. দুর্গাদাস ভট্টাচার্যের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন কিশোরগঞ্জ জেলা প্রশাসক মোঃ সিদ্দিকুর রহমান, বিশেষ অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) মোঃ এমদাদুল হক চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের চেয়ারম্যান ড. অসীম সরকার।





# কুমিল্লা কমার্স কলেজ

● ক্যাম্পাস প্রতিবেদক

এসএসসিতে জিপিএ ৩ দশমিক ৬৩ নিয়ে কুমিল্লা কমার্স কলেজে উচ্চ মাধ্যমিকে ভর্তি হয় সাইফুল ইসলাম। সদ্য প্রকাশিত এইচএসসির ফলাফলে জিপিএ ৫ পেয়েছে সে। আরেকজন এমরান হোসেন কুমিল্লা কমার্স কলেজে উচ্চ মাধ্যমিকে ভর্তি হয় ৪ দশমিক ৩৮ নিয়ে। এবার এইচএসসিতে পেয়েছে জিপিএ ৫। সাইফুল-এমরানের মতো এরকম বহু শিক্ষার্থীর ফল বদলে দেয়ার এক অনন্য প্রতিষ্ঠান কুমিল্লা কমার্স কলেজ। কলেজটি এবার কুমিল্লা বোর্ডের সেরা ২০ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৮তম স্থান অর্জন করে।

কলেজের অধ্যক্ষ মো. হুমায়ুন কবীর মাসউদ বলেন, শুধু জিপিএ ৫ নয়, শিক্ষা এবং শিক্ষার্থীদের মেধামান বাড়ানোর অবিরাম চেষ্টা আমাদের একটি লক্ষ্য এবং বৈশিষ্ট্য। ছাত্র-ছাত্রী, শিক্ষক, কলেজ পরিচালনা পর্ষদ ও অভিভাবকদের নিরলস পরিশ্রম এবং কলেজের অভ্যন্তরীণ নিয়ম-শৃঙ্খলা এই ভালো ফলাফলের নেপথ্য কারণ বলে জানান তিনি। অধ্যক্ষ বলেন, দেশের নামাদামি কলেজগুলো যেখানে ভালোমানের জিপিএ দেখে ভর্তি করায়, সেখানে কুমিল্লা কমার্স কলেজে জিপিএ ৩ মানের শিক্ষার্থী ভর্তি করিয়ে তাদের জিপিএ ৫ মানে উন্নিত করে। কুমিল্লা কমার্স কলেজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান বিশিষ্ট সাংবাদিক মোস্তফা কামাল জানান, কলেজটি ২০১২ সালেও ১৮তম স্থান অর্জন করেছিল। এর আগে ২০০৯ সালে কুমিল্লা শিক্ষাবোর্ডের শীর্ষ দশ তালিকায় ৪র্থ স্থান অর্জন করে এবং ২০০৮ সালে অর্জন করে ৬ষ্ঠ স্থান। এছাড়াও ২০০৭ ও ২০১০ সালে প্রতিষ্ঠানটি শতভাগ পাসের শীর্ষত্ব ধরে রাখে। তিনি বলেন, একটি মৌলিক বিশ্বাস থেকেই আমরা শিক্ষার্থীদের পরিচালিত করি। আমাদের সেই বিশ্বাসটি হলো: প্রত্যেকেই মেধাবান। কেউই মেধাহীন নয়। শিক্ষার্থীদের এ মেধার বিকাশ ও চর্চা নিশ্চিতের কাজটি করেন কুমিল্লা কমার্স কলেজের শিক্ষকরা। যার অনিবার্য এবং ধারাবাহিক ফলাফল আমরা পাচ্ছি প্রতি বছরই।

# মেয়েদের স্বপ্ন ঈশা খাঁ বিশ্ববিদ্যালয়

● মহিলা অঙ্গন প্রতিবেদক

শারমিন আক্তার লিজা এলএলবি অনার্স ১ম ব্যাচের ৩য় সেমিস্টারে ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় থেকে প্রথম হয়ে স্বপ্ন দেখছে ভবিষ্যতে ব্যারিস্টার হওয়ার। লিজা তার ভাল ফলাফলের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন তার বিশ্ববিদ্যালয় ও তার পরিবারের প্রতি। ছোট বেলা থেকে মেধাবী লিজা খুব নিয়মনীতি ও গুছানো স্বভাবের। লিজা মনে করেন যে আমাদের দেশে ধনি-দরিদ্র প্রতিটি পরিবারের মেয়েকে লেখাপড়া খুব ভাল ফলাফল করতে হবে তবেই আমাদের দেশে মেয়েদের অংশগ্রহণ বাড়বে প্রতিটি ক্ষেত্রে। কিশোরগঞ্জ জেলায় ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের মত ১টি আদর্শ, উন্নত ও শৃঙ্খলাপূর্ণ বিশ্ববিদ্যালয় থাকায় মধ্যবিত্ত পরিবারের মেধাবী শিক্ষার্থী হিসেবে ওরা এখানে ভর্তি হতে পেরে তাদের মেধার বিকাশে সুযোগ পেয়েছে এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে প্রথম হতে পেরেছে এবং আজ সকলেই জানতে পেরেছে যে, মেয়েদের মেধা আছে তারাও প্রথম হতে পারে। এই এলাকায় ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় হওয়ায় এলাকাবাসী ও তাদের সন্তানেরা মূলত মেয়েরা কৃতজ্ঞতা প্রকাশ করেছে।

পৃষ্ঠা ১৩
সত্যের সন্ধানে নির্ভীক
THE DAILY JUGANTOR
যুগান্তর


গুঞ্জন শুনি


নাদালই রাজা
খেলা
পড়ুন ১০-১১ পৃষ্ঠায়

বুধবার | ঢাকা ১১ সেপ্টেম্বর ২০১৩ ২৭ ভাদ্র ১৪২০ ৪ জিলকদ ১৪৩৪ হিজরি রেজিঃ নং ডিএ ১৯২০ বর্ষ ১৪ সংখ্যা ২১৭ | ২০ পৃষ্ঠা • ১০ টাকা | www.jugantor.com

অন্য পাতায়
ফেলানী হত্যার রায় ও সাম্প্রদায়িক সম্প্রীতি ॥ পৃষ্ঠা ৪
৯/১১ ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি ॥ পৃষ্ঠা ৫
রাশিয়ার কাছে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক পরাজয় ॥ পৃষ্ঠা ৮
ইসলামী দলগুলো নির্বাচনী মাঠ তৈরিতে ব্যস্ত ॥ পৃষ্ঠা ৩

# কিশোরগঞ্জে কৃতী শিক্ষার্থী সংবর্ধনায় স্বজনরা

ঈশাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য বরেণ্য শিক্ষাবিদ ড. দুর্গাদাস ভট্টাচার্য বলেছেন, শুধু সার্টিফিকেট অর্জন করলে হবে না, জ্ঞান অর্জন করতে হবে। সার্টিফিকেটে চাকরি হয় না, ভালো চাকরি পেতে হলে জ্ঞান দরকার। যে জাতি যত শিক্ষিত হবে, সে জাতি তত উন্নতি করতে পারবে। শুক্রবার এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

সংবর্ধনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোঃ সিদ্দিকুর রহমান। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্যপ্রযুক্তি) মোঃ এমদাদুল হক চৌধুরী। বক্তৃতা করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক একেএম আজাদ হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আজহারুল ইসলাম, অসীম সরকার, ঈশাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ট্রাস্টের সেক্রেটারি যুগান্তর স্বজন সমাবেশ জেলা শাখার অন্যতম উপদেষ্টা ডা. আ ন ম নৌশাদ খান, কোষাধ্যক্ষ একেএম রুহুল আমিন আকন্দ প্রমুখ। অনুষ্ঠানে ১০ জন জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীকে সংবর্ধনা দেয়া হয়। তাছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ওপর আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ম.ম জুয়েল। সংবর্ধনা অনুষ্ঠানে যুগান্তর স্বজন সমাবেশের জেলা ও কলেজ শাখার সংগঠক, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষকসহ সমাজের বিভিন্ন শ্রেণী-পেশার লোকজন উপস্থিত ছিলেন।

**নিবেদিতা আচার্য্য/ফাতেমাতুজ জোহরা কচি**

# সব বাধা পেরিয়ে উঁকি মারে আকাশে

পরিবার, সমাজ অথবা মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অভাবে মফস্বলের মেয়েদের উচ্চশিক্ষা লাভের ক্ষেত্রে অনেক সময় প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। এই প্রতিবন্ধকতা দূর করতে এগিয়ে এসেছেন কিশোরগঞ্জের কয়েকজন তরুণ। নীলগঞ্জ রোডে শোলাকিয়ায় ছেলেমেয়েদের উচ্চশিক্ষার জন্য যৌথ উদ্যোগে প্রতিষ্ঠা করেছেন ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ। প্রথম সেমিস্টারে প্রথম হওয়া তিন ছাত্রীর কথা তুলে ধরেছেন **রীতা ভৌমিক**

ছবি : **খালেক সাদমান**

## ইচ্ছাশক্তি মানুষকে এগিয়ে নিয়ে যায়

**আয়শা আক্তার লাকী** *শিক্ষার্থী, এলএলবি*

ছয় ভাই তিন বোনের মধ্যে লাকী পঞ্চম। বিবিএ, ইংরেজি এবং এলএলবি তিন বিষয়ের শিক্ষার্থীদের মধ্যে সবচেয়ে বেশি নম্বর পেয়ে এলএলবি প্রথম সেমিস্টারে প্রথম হয়েছেন লাকী। পড়াশোনার পাশাপাশি ছেলেবেলা থেকেই তিনি স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা, খেলাধুলায় অংশ নেন। এরই ধারাবাহিকতায় ১৯৯৫ থেকে ২০১১ সাল পর্যন্ত কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগিতা, উপস্থিত বক্তৃতায় জেলা পর্যায়ে অংশ নিয়ে প্রথম হন। ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত তাড়াইল হাজী গোলাম হোসেন গার্লস হাইস্কুলের কৃতী ছাত্রী হিসেবে পুরস্কৃত হন।

১৯৯৫ থেকে ২০১১ সাল পর্যন্ত এভাবেই কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগিতা, উপস্থিত বক্তৃতায় জেলা পর্যায়ে অংশ নিয়ে প্রথম হয়েছেন। ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত তাড়াইল হাজী গোলাম হোসেন গার্লস হাইস্কুলের কৃতী ছাত্রী হিসেবে পুরস্কৃত হন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন নাহার হলে আন্তঃবিতর্ক প্রতিযোগিতায় দলীয়ভাবে অংশ নিয়েও তার দল প্রথম হয়। সবকিছুতেই প্রথম হওয়া নেত্রকোনার মদন থানার ফতেহপুর গ্রামের মেধাবী ছাত্রী আয়শা আক্তার লাকী ২০০৮ সালে ভর্তি হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগে। পড়াশোনার পাশাপাশি ব্রিটিশ কাউন্সিল থেকে আইইএলটিএস কোর্সটি সম্পন্ন করেন। আইইএলটিএসে তার স্কোর ছিল ৬। ইচ্ছে ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক শিক্ষা শেষ করে স্কলারশিপ নিয়ে বিদেশের বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার জন্য যাবেন। কিন্তু তৃতীয় বর্ষে ওঠার পরই ২০১১ সালে অবসরপ্রাপ্ত পোস্টমাস্টার বাবা তার বিয়ে দিয়ে দেন। বিয়ের পর স্বামীর কর্মস্থল ছিল সিলেট। গর্ভবতী হওয়ায় নিয়মিত ক্লাস চালিয়ে যাওয়াও তার সম্ভব হয়ে ওঠেনি। বছরখানেক পর তার স্বামী ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে বদলি হয়ে আসেন। লাকীর শ্বশুরবাড়ি কিশোরগঞ্জের তাড়াইল ধলা গ্রামে। স্বামী ও এগার মাসের ছেলেকে নিয়েই তার সংসার। সংসার, সন্তান সামলানোর পাশাপাশি তিনি পড়াশোনাও চালিয়ে যেতে চান। তাই বাড়ির কাছে কিশোরগঞ্জের ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশে ২০১৩ সালে এলএলবিতে অনার্সে ভর্তি হওয়ার জন্য আগ্রহ প্রকাশ করেন। স্বামী দ্বিমত করেন না। নতুন করে আবার শুরু হয় তার বিদ্যাপাঠ।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশে পড়ছেন। প্রাচ্যের অক্সফোর্ড নামে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় ছেড়ে এখানে পরবর্তীতে আপনার ভবিষ্যৎ পরিকল্পনা কী জানতে চাইলে আয়শা আক্তার লাকী বলেন, বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আমাদের ক্লাস নেন। ভালো রেজাল্ট করলে জুডিশিয়াল বিসিএস দেব। দেশের বাইরে ব্যারিস্টারি পড়ার ইচ্ছে রয়েছে।

## আমার পছন্দের বিষয় বিবিএ

**জান্নাতুল ফেরদৌস** *শিক্ষার্থী, বিবিএ*

কিশোরগঞ্জের পুরান থানার বাসিন্দা জান্নাতুল ফেরদৌস। তার বাবা একজন কৃষি কর্মকর্তা। এক ভাই এক বোনের মধ্যে তিনি ছোট। বড় ভাই ঢাকার তেজগাঁও কলেজে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পড়েন। জান্নাতুল এসএসসি ও এইচএসসি দুটোতেই কমার্স থেকে জিপিএ-৫ পেয়েছেন। তার ইচ্ছে ছিল ঢাকায় গিয়ে পড়বেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবিএতে ভর্তি পরীক্ষায় ওয়েটিং লিস্টে ছিলেন। শেষমেশ তার ডাক এলো না ভর্তির। ঢাকার বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি করাতে তার অভিভাবকরা রাজি হলেন না। বাড়ির কাছে এই বিশ্ববিদ্যালয়টি হওয়ায় বাবা তাকে এখানেই ২০১৩ সালের ফেব্রুয়ারিতে বিবিএ ভর্তি করান।

এ প্রসঙ্গে জান্নাতুল ফেরদৌস বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হওয়ায় ভীষণ মন খারাপ হয়েছিল। আমার নিরাপত্তার কথা ভেবে বাবা-মাও চাচ্ছিলেন না ঢাকায় একা রাখতে। যখন বাড়ির কাছের বিশ্ববিদ্যালয়ে আমার পছন্দের বিষয় ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে ভর্তি হলাম তখন মন ভালো হয়ে গেল। কারণ এখানে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাই ক্লাস নেন। প্রথম সেমিস্টারে আমরা দুজন মেয়ে ও একজন ছেলে যৌথভাবে প্রথম হলাম। মেয়ের মধ্যে আরেকজন প্রথম হলেন জাহানারা সুলতানা।

## শিক্ষক হতে চাই

**ডলি রানী সরকার** *শিক্ষার্থী, ইংরেজি*

সকাল সাড়ে ৭টায় বাড়ি থেকে বের হয়ে অটোতে করিমগঞ্জ বাজার। সেখান থেকে সিএনজিতে পুরান থানা, এরপর অটোতে ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ে ক্লাস করতে এসেছেন ডলি। ডলি এখন ইংরেজির দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থী। প্রথম সেমিস্টারে তিনি ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের মধ্যে প্রথম হন। দুই ভাই দুই বোনের মধ্যে ডলি বড়। মেয়ে এসএসসি পরীক্ষা দেবে। কৃষক বাবা ভাবলেন, বড় মেয়েকে বিয়ে দিতে পারলে একটা ঝামেলা থেকে মুক্ত হন। কয়েক জায়গা থেকে মেয়ের বিয়ের প্রস্তাবও আসে। এর মধ্যে একটি পাত্র কিশোরগঞ্জের করিমগঞ্জ থানার রামনগর গ্রামে একটি কিন্ডারগার্টেন স্কুল পরিচালনা করেন। এখানে বিয়ে দিলে মেয়ে খেয়েপরে সুখেই থাকবে। বিয়ের কথা পাকাপাকি। এসএসসির একটি পরীক্ষা বাকি থাকতেই বিয়ের পিঁড়িতে বসতে হয় ব্রাহ্মণবাড়িয়ার ডলিকে। বাবা মেয়ের নিরাপত্তার কথা ভেবেই মেয়েকে বিয়ে দেন। বিয়ের পর ডলি স্বামীর সহযোগিতায় করিমগঞ্জ মহাবিদ্যালয়ে এইচএসসি ভর্তি হন। সংসার করার পাশাপাশি পড়াশোনাও চালিয়ে যান। এইচএসসি পাস করে ২০১৩ সালের ফেব্রুয়ারিতে ইংরেজিতে অনার্সে ভর্তি হন। পরবর্তীতে কী হতে চান জানতে চাইলে তিনি বলেন, পড়াশোনা শেষ করে শিক্ষক হতে চাই। এটাই আমার স্বপ্ন।

## ভিসি যা বললেন

ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশের ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর দুর্গা দাস ভট্টাচার্য বলেন, বিশ্বায়নের যুগে যাতে ভালো শিক্ষার্থী গড়ে তুলতে পারি এটাই আমাদের লক্ষ্য। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ অ্যাডভোকেট আমাদের সবসময় বলেছেন, শিক্ষার গুণগত উৎকর্ষ বিধান ছাড়া দেশের অগ্রগতি সম্ভব নয়। পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে আলোকিত মানুষ হিসাবে গড়ার অন্যতম প্রধান উপায় তাদের জন্য গুণগত মানসম্পন্ন উচ্চশিক্ষার প্রসার। আর্থিক সমস্যার কারণে মেয়েরা যাতে শিক্ষা থেকে বঞ্চিত না হয় সেজন্য তাদের বিনা ফিতেই পড়ানো হবে। এছাড়া এই এলাকার বেশির ভাগ পরিবার রক্ষণশীল। অভিভাবকরা তাদের মেয়েকে ঢাকার বেসরকারি বিশ্ববিদ্যালয়ে আবাসনের সমস্যার কারণে পড়াতে পাঠান না। তারা চান তাদের সন্তানরা দূরে না গিয়ে তাদের কাছে থেকে পড়াশোনা করবে। এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কারণে এলাকায় মেয়ে শিক্ষার হারও বাড়বে। যারা প্রথম সেমিস্টারে মেধা তালিকায় প্রথম হয়েছে তাদের সেমিস্টার ফিতে ছাড় দেয়া হয়েছে।

# নববর্ষ উদযাপন

## হালুয়াঘাট

নতুন বছরকে বরণ করে নিতে হালুয়াঘাট স্বজন, আমরা 'ক' জন হালুয়াঘাটে উদযাপন করে থার্টিফার্স্ট নাইট। বিভিন্ন আয়োজনের মধ্যে সব স্বজন বন্ধু নতুন বছরকে স্বাগত জানায়। এ ছাড়াও ছিল রাতব্যাপী শহরের প্রাণকেন্দ্র পুরাতন বাসস্ট্যান্ডের প্রধান সড়কে দীর্ঘ চমকপ্রদ আল্পনা করা এবং সাংস্কৃতিক সন্ধ্যা। স্বজন মানব উন্নয়ন সংস্থার আর্থিক সহায়তায় আল্পনাগুলো করতে সারা রাত অক্লান্ত পরিশ্রম করেন স্বজন ও আমরা 'ক' জন হালুয়াঘাটের নাহিদ আল মবিন, নূরে আলম সিদ্দিকী দিনার, শরীফুল ইসলাম, আবু শাহরিয়ার মোহাম্মদ সাইন, ইমরান শরীফ, মাসুম, মিজান, জাহিদ, তারেক হাসান, শাকিল, বিশিষ্ট তবলা বাদক ফরহাদ হোসেন সাগরসহ আরও অনেকে। আয়োজনগুলো সার্থক করতে বিশেষভাবে উৎসাহ দিয়েছেন যুগান্তর প্রতিনিধি আমরা 'ক' জন-এর প্রধান ও স্বজন উপদেষ্টা হাতেম আলী, স্বজন সমাবেশের সাধারণ সম্পাদক ও স্বজন মানব উন্নয়ন সংস্থার প্রতিষ্ঠাতা শাহাব উদ্দিন রতন।

**শাহাব উদ্দিন রতন**

## শাহাজাদপুর

যুগান্তর স্বজন সমাবেশ শাহজাদপুর উপজেলা শাখা, পূরবী থিয়েটার ও চুনিয়াখালীপাড়া ওপেন জেনারেশন ক্লাব যৌথভাবে শাহজাদপুর উপজেলার পৌর সদরের চুনিয়াখালীপাড়া মাঠে নববর্ষ উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানের মধ্যে ছিল নাচ, গান, আবৃত্তি, হট ডান্স, রক ডান্স, প্রীতিভোজ ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা। এ অনুষ্ঠানে সবাই নেচে গেয়ে ও আনন্দ-উল্লাস করে থার্টিফার্স্ট নাইট ও নববর্ষ ২০১৪ উদযাপন করে। এ উৎসব অনুষ্ঠানকে ঘিরে চুনিয়াখালীপাড়া মাঠ আনন্দমুখর হয়ে ওঠে। পৌর সদরের বিভিন্ন এলাকার নারী, পুরুষ ও শিশুরা অনুষ্ঠানস্থলে এসে অনুষ্ঠান উপভোগ করে এবং অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুগান্তর স্বজন সমাবেশের উপদেষ্টা ও পূরবী থিয়েটারের পরিচালক মোঃ মুমীদুজ্জামান জাহান। অনুষ্ঠানে স্বজন বন্ধুদের মধ্যে উপস্থিত ছিলেন— পিয়াল সিরাজী, বাবু, রুবেল, নাঈম সিরাজী, হীরা, রবিন, অন্তর, তন্ময়, হালিম, বিলাশ, শহীদুল, আরাফাত সিরাজী, রুবেল শেখ, হিমু, মাহবুবুর রহমান চান, হাসমত উল্লাহ, তানিন, স্বপন, মানিক, স্বর্ণা, জহুরুল, জাকির প্রমুখ।

**মোঃ মুমীদুজ্জামান জাহান**




## ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

বিজয় দিবসে ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্বজনরা তিন দিনব্যাপী কর্মসূচি পালন করে। ১৬ ডিসেম্বর সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তাদের সমন্বয়ে এক বর্ণাঢ্য র‌্যালি ক্যাম্পাস থেকে বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে সার্কিট হাউসে মুক্তিযোদ্ধাদের সমাবেশে গিয়ে সংহতি প্রকাশ করে। ১৮ ডিসেম্বর বেলা ১১টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রক্তদান কর্মসূচির শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় ট্রাস্টের সাধারণ সম্পাদক ডা. আ. ন. ম. নৌশাদ খান। ১৮ ডিসেম্বর বিকাল ৩টায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিজয় দিবস উপলক্ষে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ডা. আ. ন. ম. নৌশাদ খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কিশোরগঞ্জের জেলা প্রশাসক এসএম আলম, বিশেষ অতিথি হিসেবে জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের কমান্ডার মোঃ আসাদ উল্লাহ, কিশোরগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুব্রত পাল উপস্থিত ছিলেন। আলোচনা ও পুরস্কার বিতরণ শেষে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে মানস কর রচিত ও নির্দেশিত নাটক 'এমন যদি হতো' মঞ্চায়িত হয়।

সোমবার
ঢাকা। ২৬ আগস্ট ২০১৩। ১১ ভাদ্র ১৪২০। ১৮ শাওয়াল ১৪৩৪। বর্ষ ৪। সংখ্যা ২২২
দ্বিতীয় সংস্করণ
দাম ১০ টাকা



মূল কাগজ ২০ পৃষ্ঠা
সঙ্গে ১৬ পৃষ্ঠার
লাইফস্টাইল বিষয়ক
ট্যাবলয়েড এ-টু-জেড

আংশিক নয় পুরো সত্য

কালের কণ্ঠ

www.kalerkantho.com

কোনো প্রতিশ্রুতি না দিয়ে নেপালে ▶▶ পৃষ্ঠা। ১০
আবু আহমেদের কলাম : আলোচনার উদ্যোগ তো নিতে হবে সরকারকেই ▶▶ পৃষ্ঠা। ১৪
কলমাকান্দায় স্কুলছাত্রকে হত্যা ▶▶ পৃষ্ঠা। ১৮

# সাজ্জাদের ১৪ গণিত সূত্র

▶▶ শেষ পৃষ্ঠার পর

নেয়। এ সময়ই অনুপাত-সমানুপাতের সমাধানে নিজেকে নিয়োজিত করেন তিনি। টানা চেষ্টায় ছয় মাসের মধ্যে তিনি ১৪টি সূত্র ও এর ব্যাখ্যা উদ্ভাবন করতে সক্ষম হন।

কালের কণ্ঠকে সাজ্জাদ জানান, সূত্রগুলো উদ্ভাবনের পর এর স্বীকৃতির জন্য এক শিক্ষকের পরামর্শে ২০১১ সালে তিনি তা বাংলাদেশ গণিত সমিতিতে জমা দেন। সমিতির পর্যালোচনায় সূত্রগুলো সঠিক প্রমাণিত হওয়ায় ২০১৩ সালে সমিতির মুখপত্র গণিত পরিক্রমার ২১তম খণ্ডে 'গণিত পঠন : সমস্যা ও সমাধান' শীর্ষক প্রবন্ধে এ সূত্র ও ব্যাখ্যা ছাপা হয়।

বাংলাদেশ গণিত সমিতির সাবেক সভাপতি ও গণিত পরিক্রমার সম্পাদক প্রফেসর এম শামসুর রহমান জানান, সাজ্জাদের উদ্ভাবিত সূত্রগুলো স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের জন্য বেশ কার্যকর হিসেবে কাজ করবে।

খোঁজ নিয়ে জানা গেছে, জেলা শহরের একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বিবিএ পড়ছেন সাজ্জাদ। অভাবের সংসারে বড় হওয়া সাজ্জাদ পড়াশোনার পাশাপাশি একটি কোচিং সেন্টারে শিক্ষকতা করেন। তবে অভাব আর দারিদ্র্য তাঁকে অনুসন্ধিৎসু মনকে দমাতে পারেনি। সব বাধা জয় করে গণিত ও সফটওয়্যার নিয়ে গবেষণাধর্মী কাজ চালিয়ে যাওয়ার আগ্রহ রয়েছে তাঁর।

কিশোরগঞ্জের করিমগঞ্জের ভাটিয়া গাঙপাড়া গ্রামের আলী আক্কাছ ও জোছনা আক্তার দম্পতির তিন সন্তানের মধ্যে সবার বড় সাজ্জাদ। তাঁর বাবা কিশোরগঞ্জ রেলওয়ে স্টেশনে নিরাপত্তা প্রহরীর চাকরি করেন।

আলী আক্কাছ জানান, ছোটবেলা থেকেই মেধার পরিচয় রাখায় সাজ্জাদের কাজকর্মে কখনো বাধা দেননি তিনি। ছেলেকে নিয়ে অনেক বড় স্বপ্ন দেখেন তিনি। সন্তানের গবেষণাধর্মী কর্মকাণ্ড একদিন বিশ্বদরবারে দেশের মুখ উজ্জ্বল করবে—এমন প্রত্যাশা তাঁর।

# সাজ্জাদের ১৪ গণিত সূত্র


শফিক আদনান, কিশোরগঞ্জ

অনুপাত-সমানুপাত বিষয়ে ১৪টি নতুন গাণিতিক সূত্র উদ্ভাবন করে চমক সৃষ্টি করেছেন কিশোরগঞ্জের সাজ্জাদ আলম (২৪)। ইতিমধ্যে তাঁর সূত্রগুলোর স্বীকৃতিও মিলে গেছে। বাংলাদেশ গণিত সমিতি এই স্বীকৃতি দিয়ে তাদের মুখপত্র 'গণিত পরিক্রমা'য় সূত্রগুলো প্রকাশ করেছে।

সাজ্জাদ বলেন, অনুপাত-সমানুপাত সমাধানে এত দিন পর্যন্ত তিনটি সূত্র ব্যবহৃত হয়ে এসেছে। কিন্তু এই গাণিতিক সমস্যাগুলোর পরিধি এত বড় যে এসবের সমাধানে সূত্রগুলো যথেষ্ট ছিল না। নতুন ১৪টি সূত্র আবিষ্কারের মাধ্যমে এ-বিষয়ক সীমাবদ্ধতা দূর হলো বলে তিনি মনে করেন।

এই উদ্ভাবকের অভিমত, সূত্রগুলো প্রয়োগ করে খুব সহজে এবং কম সময়ের মধ্যেই শিক্ষার্থীদের পক্ষে অনুপাত-সমানুপাতের অঙ্কগুলো সমাধান করা সম্ভব হবে। এ ছাড়া সূত্রগুলো কম্পিউটারের অফিস এমএস এক্সেলেও ব্যবহারের উপযোগী।

সূত্রের আবিষ্কর্তা সাজ্জাদ এইচএসসি পাস করেন ২০০৮ সালে। এরপর বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নিতে গিয়ে তিনি লক্ষ করেন, প্রতিটি অঙ্কের সমাধানে সময় পাওয়া যায় খুবই কম—আধামিনিট বা তার চেয়েও কম। বিষয়টি তাঁকে ভিন্ন এক ধরনের ভাবনায় টেনে ▶▶ পৃষ্ঠা ৮ ক. ১



1. $y = abx$
2. $A = ax,\ B = bx$
3. $A = \frac{y}{b},\ B = \frac{y}{a}$
4. $A + B = (a + b)x$
5. $A - B = (a - b)x$
6. $AB = abx^2$
7. $A^2 - B^2 = (a^2 - b^2)x^2$
8. $A + B = \left(\frac{a+b}{ab}\right)y$
9. $A - B = \left(\frac{a-b}{ab}\right)y$
10. $AB = \frac{y^2}{ab}$
11. $A^2 - B^2 = \left(\frac{a^2-b^2}{a^2b^2}\right)y^2$
12. $a' = \left(\frac{a}{a+b}\right)100\%,\ b' = \left(\frac{b}{a+b}\right)100\%$

ক্রয়মূল্য/পূর্বমূল্য : বিক্রয়মূল্য/বর্তমানমূল্য = $a : b$, শতকরা লাভ/বৃদ্ধি $I$, শতকরা ক্ষতি/মূল্যহ্রাস $L$ হলে :

13. $I = \left(\frac{b-a}{a}\right)100\%$
14. $L = \left(\frac{a-b}{a}\right)100\%$

দুইয়ের অধিক সংখ্যার ক্ষেত্রে 1, 2, 3, 4, 6, 8, 10, 12 নং সূত্রগুলো



গণিত সমিতির মুখপত্র 'গণিত পরিক্রমা'য় ছাপা হওয়া সাজ্জাদের সূত্র। ইনসেটে সাজ্জাদ

আমাদের ভাষা গণমানুষের

# মানবকণ্ঠ

www.manobkantha.com

দ্বিতীয় সংস্করণ

www.twitter.com/Dmanobkantha

বুধবার
■ ঢাকা ১১ সেপ্টেম্বর ২০১৩, ২৭ ভাদ্র ১৪২০, ৪ জিলকদ ১৪৩৪
■ রেজি. নং ডিএ-১৯৭২ ■ বর্ষ ১৩ সংখ্যা ১৮৫
১২ পৃষ্ঠা ■ মূল্য : ৫ টাকা

www.facebook.com/DailyManobkantha



ড. ইউনূসকে হেনস্থা
**সরকারের আচরণে বিশ্বের কাছে জাতির মাথা হেঁট হচ্ছে**
— এরশাদ
পৃষ্ঠা ২



**সাংবাদিক পেটানোসহ সব মামলায় জামিন লাভ রনির**
পৃষ্ঠা ২

**নাদালের ১৩**
বিশ্বের এক নাম্বার বনাম দুইয়ের লড়াই। সে লড়াই অনন্য উচ্চতায় পৌঁছবে, বলাই বাহুল্য। হলোও তাই। মহাকাব্যিক লড়াই শেষে বিজয়ীর পতাকা রাফায়েল নাদালের হাতে। পরশু রাতে... পৃষ্ঠা ১০



**মিউজিক ক্লাবে শাহনাজ বেলী**
আগামীকাল ১২ সেপ্টেম্বর বাউল সম্রাট শাহ আবদুল করিমের মৃত্যুবার্ষিকী। এই উপলক্ষে বাংলালিংকশনের ফোনোলাইভ স্টুডিও কনসার্ট 'মিউজিক ক্লাব'-এর আজকের বিশেষ পর্বে অতিথি কণ্ঠশিল্পী শাহনাজ বেলী। তিনি... পৃষ্ঠা ৬



# গণিতপণ্ডিত সাজ্জাদের নতুন ১৪ সূত্র

শেষ পৃষ্ঠার পর

করা সাজ্জাদ ১৯৯৮ সালে ভাটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পড়া শেষে ভাটিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হন। সেখান থেকে ২০০৪ সালে বিজ্ঞান বিভাগে এসএসসি এবং করিমগঞ্জ মহাবিদ্যালয় থেকে ২০০৮ সালে বিজ্ঞান বিভাগে এইচএসসি পাস করেন। বর্তমানে কিশোরগঞ্জ ঈশা খাঁ ইউনির্ভাসিটিতে বিবিএতে পড়ছেন।

বাবা আলী আক্কাছ আর মা জোছনা আক্তারের বড় ছেলে তিনি। বাবা পেশায় রেলওয়ে স্টেশনে নিরাপত্তা প্রহরী। তার যা আয় হয় তা দিয়ে কোনো রকমে সংসার চলে। তারপরও সন্তানদের উচ্চশিক্ষার জন্য দিনের পর দিন কষ্ট করে যাচ্ছে। সাজ্জাদ বাবার কষ্ট একটু কমাতে টিউশনি করান। তাতে নিজের খরচটা বাবার কাছ থেকে নিতে হয় না। আর এর পাশাপাশি কম্পিউটার বিজ্ঞানে আগ্রহ থাকায় ২০১০ সালে যুব উন্নয়ন কার্যক্রম থেকে অ্যাপ্লিকেশন কোর্সও সম্পন্ন করেন।

২০১১ সালে সাজ্জাদ সূত্রগুলো পরীক্ষা-নিরীক্ষার জন্য বাংলাদেশ গণিত সমিতিতে পাঠান। সূত্রগুলো সঠিক বলে প্রমাণিত হওয়ায় ২০১২ সালে কোনোরকম সংশোধন পরিমার্জন ছাড়াই সমিতি তাদের বার্ষিক প্রকাশনা 'গণিত পরিক্রমা'র একবিংশ খণ্ডে প্রকাশ করে।

সমিতির পক্ষ থেকে বলা হয়, সাজ্জাদের আবিষ্কৃত সূত্রগুলো গণিতশাস্ত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সাজ্জাদের গণিতের সূত্রগুলো স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকের উপযোগী মৌলিক উপাদান হিসেবে কাজ করবে। বিদ্যালয় থেকে উচ্চতর পর্যায় পর্যন্ত গণিত শিক্ষার বিভিন্ন সমস্যা ও সমাধানেও সহায়ক ভূমিকা রাখবে।

বর্তমানে পাটিগণিতে গণিতসম্রাট যাদবের অনুপাত-সমানুপাত বিষয়ক তিনটি সূত্র রয়েছে। কিন্তু অনুপাতের পরিধি এত ব্যাপক যে, সব অঙ্ক সমাধানের জন্য এ তিনটি সূত্রই যথেষ্ট নয়। এমন অনেক অঙ্ক আছে যা এগুলোর সাহায্যে সমাধান করা যায় না। এ ধরনের অঙ্ক প্রচলিত পদ্ধতিতে এক চলক বিশিষ্ট গাণিতিক খোলা বাক্যের সাহায্যে সমাধান করা হয় যা কম্পিউটারের এমএস এক্সেলে ব্যবহার উপযোগী নয়। এ সঙ্কট নিরসনে সাজ্জাদের আবিষ্কৃত সূত্রগুলোর মাধ্যমে অঙ্কগুলো সমাধান করা হলে কম্পিউটারের এমএস এক্সেল ব্যবহার উপযোগী হবে। পাশাপাশি সূত্রগুলো প্রয়োগ করে ৯ম শ্রেণীর শিক্ষার্থীরা অনুশীলনী ১১.২-এর অঙ্কগুলো অপেক্ষাকৃত সহজে ও স্বল্প সময়ের মধ্যে সমাধান করতে পারবে।

সাজ্জাদ আলম মানবকণ্ঠকে বলেন, তার প্রযুক্তিজ্ঞান কাজে লাগাতে ভবিষ্যতে তিনি সফটওয়্যার নিয়ে কাজ করতে চান। নতুন নতুন গাণিতিক সূত্র উদ্ভাবনের মধ্য দিয়ে দেশে আইটি সেক্টরকে আরো অনেক দূর এগিয়ে নিয়ে যেতে চান। তিনি আরো বলেন, জাতীয়ভাবে এ সূত্র আবিষ্কারের একটি স্বীকৃতিও পেয়েছি। কিন্তু আন্তর্জাতিকভাবে এ গবেষণা চালিয়ে যেতে চাই। তাই বিভিন্ন সংগঠনের সহযোগিতায় চেষ্টা চালিয়ে যাচ্ছি।

উদ্ভাবন



# গণিতপণ্ডিত সাজ্জাদের নতুন ১৪ সূত্র

**নাজমুল হক ইমন ও রুমন চক্রবর্তী,** কিশোরগঞ্জ

গণিত জটিল একটি বিষয়। একটু গোলমাল হলেই সব গুলিয়ে যায়। এরপর শুরু হয় খাতার পৃষ্ঠা কাটাকাটি। আর কাটাকাটি করতে করতে সময়ও হয়ে যায় নষ্ট। অনেক সূত্র তো আবার মাথাতেই ঢোকে না। সূত্রের মার-প্যাঁচ আর কৌশলের চাপে গণিতের সমাধানটি প্রায় মুখস্থ বিদ্যায় পরিণত হয়।

কিন্তু কথায় বলে সমস্যা যেখানে সমাধানও সেখানে। তাই সমস্যা দিনের পর দিন থাকে না। এর সমাধানে কেউ না কেউ এগিয়ে আসবেই।

কিশোরগঞ্জ করিমগঞ্জ উপজেলার ভাটিয়া গাংপাড়ার সাজ্জাদ আলম। চেষ্টা আর ইচ্ছাশক্তি যার প্রবল। একদিন অনুভব করলেন গণিত সূত্র নিয়ে যদি অন্যরকম চর্চা করা যায়। আর তার সমাধানে আরো কিছু নতুন সূত্র যদি প্রয়োগ করা যায় তবে বিষয়টি মন্দ হয় না। তাই রীতিমতো নাওয়া-খাওয়া বাদ দিয়ে দিনের পর দিন সাধনা শুরু করলেন। একে একে গণিত সম্রাট যাদবের আদলে গণিতশাস্ত্রের ১৪টি নতুন সূত্র উদ্ভাবনও করে ফেললেন। আর তাতেই রীতিমতো সবাইকে তাক লাগিয়ে দিলেন।

সাজ্জাদ অনুপাত-সমানুপাতের মতো সংশ্লিষ্ট ১৪টি নতুন সূত্র উদ্ভাবন করে বুঝিয়ে দিলেন কঠোর ইচ্ছা আর প্রবল ধৈর্যশক্তি থাকলে সবই সম্ভব। সাজ্জাদ জানান, বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সময় এমনিতেই সময় কম থাকে আর প্রচলিত সূত্র দিয়ে অঙ্কগুলো সমাধান করা হয় তবে সব উত্তর দেয়া অনেক কষ্টকর হয়ে পড়ে। আমি যখন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দেই তখন এমন সমস্যায় পড়েছিলাম। তাই আমি নিজেই অনুভব করেছি কিছু নতুন সূত্র প্রয়োজন যাতে অঙ্কগুলো সহজে করা যায় এবং সময়ও বাঁচে। আর এরপর থেকেই আমার এ প্রচেষ্টা।

গণিত শাস্ত্রের নতুন সূত্র নিয়ে কাজ **পৃষ্ঠা ১১ কলাম ২**



শিক্ষার জন্য লড়াই চালিয়ে যাব—মালালা : পৃষ্ঠা-৭



# প্রথম আলো

www.prothom-alo.com


- সিরিয়া অভিযানে অনড় ওবামা : পৃষ্ঠা-৭
- বাজেট ঘাটতি জিডিপির ৩.৩৬ শতাংশ : পৃষ্ঠা-১৩

মূল কাগজ **২০** পৃষ্ঠা
**স্বপ্ন নিয়ে** ও **বন্ধুসভা**সহ
মোট **২৪** পৃষ্ঠা


নগর সংস্করণ

বোল্টের সোনালি মৌসুম : পৃষ্ঠা-১৯


ঢাকা, ৮ সেপ্টেম্বর ২০১৩, ২৪ ভাদ্র ১৪২০, ১ জিলকদ ১৪৩৪ **রোববার** রেজি. নং ডিএ ১৮৮০, বর্ষ ১৫, সংখ্যা ৩০১ • দাম **১০** টাকা

ক্যাম্পাসের প্রিয় মুখ

# গণিতের সূত্র নিয়ে...

**নুরুন্নবী চৌধুরী**

ছিল নানা ধরনের প্রতিবন্ধকতা। পড়াশোনার ক্ষেত্রেও যেমন ছিল, তেমনি ছিল আর্থিক দিক দিয়েও। সব প্রতিবন্ধকতা পেছনে ফেলে সাজ্জাদ আলম এগিয়ে চলেছেন তাঁর স্বপ্নপূরণের পথে। কিশোরগঞ্জের করিমগঞ্জ উপজেলার ভাটিয়া গ্রামের সাজ্জাদ নানা জটিলতায় সময়মতো উচ্চমাধ্যমিক পরীক্ষাও দিতে পারেননি। অবশেষে একসময় উচ্চমাধ্যমিক সম্পন্ন করলেন। অবতীর্ণ হলেন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার কঠিন পরীক্ষায়। এরই মধ্যে পরিবারের হাল ধরতে শুরু করেন চাকরির চেষ্টা। 'তখনই প্রথম টের পাই প্রতিটি পরীক্ষাতেই গণিতের ছোট ছোট কিছু সমস্যার সমাধান থাকে, যা মূলত নবম ও দশম শ্রেণীর বই থেকে দেওয়া।' বললেন সাজ্জাদ। আরও বলেন, আমি খুঁজে দেখি অনুপাত, সমানুপাতবিষয়ক সমস্যা সমাধানের জন্য মাত্র তিনটি সূত্র দেওয়া আছে, যা বেশ পুরোনো।' কীভাবে এ ধরনের সমস্যাগুলো আরও সহজে সমাধান করা যায়, সে চিন্তা থেকে একটি, দুটি নয় ১৪টি সূত্র তৈরি করলেন সাজ্জাদ! বললেন, অনুপাত, সমানুপাত-সংশ্লিষ্ট সমস্যাগুলো সমাধানে যে তিনটি সূত্র ব্যবহৃত হয়, সেগুলো এক চলকবিশিষ্ট গাণিতিক খোলা বাক্যের সাহায্যে করতে হয়, যা কম্পিউটারের হিসাব কষার প্রোগ্রামে ব্যবহার করা যায় না। এমন চিন্তা থেকেই ১৪টি সূত্র তৈরি করেন তিনি। মাধ্যমিক পরীক্ষায় গণিতে মোটামুটি ভালো ফলাফল করে উচ্চমাধ্যমিকে এ প্লাস পেয়েছিলেন সাজ্জাদ। সূত্রগুলো তৈরি করে করিমগঞ্জ থানার যুব উন্নয়ন কর্মকর্তা আমান উল্লাহর সাহায্যে স্থানীয় একটি গণিত আয়োজনে সবার সামনে উপস্থাপন করেন তিনি। পরবর্তী সময়ে সূত্রগুলোর আরও বিস্তারিত পরীক্ষা ও ব্যবহারের উপযোগী কি না, সেটি পরীক্ষা করতে সূত্রগুলো জমা দেন বাংলাদেশ গণিত সমিতিতে। পরীক্ষা শেষে গণিত সমিতির নিয়মিত প্রকাশনা *গণিত পরিক্রমা*র ২০১১ সালের একবিংশতম খণ্ডে ৭৭ পৃষ্ঠায় 'গণিত পঠন : সমস্যা ও সমাধান' শিরোনামে প্রকাশিত হয় সাজ্জাদ আলমের সূত্রগুলো।

দুই ভাই এক বোনের মধ্যে বড় সাজ্জাদের বাবা আলী আক্কাছ বাংলাদেশ রেলওয়েতে চাকরি করেন। মা জোসনা বেগম গৃহিণী। সাজ্জাদ এখন পড়ছেন একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে। তাঁর স্বপ্ন গণিতের এ ধরনের সমস্যা সমাধানের ক্ষেত্রে আরও কাজ করবেন। উচ্চশিক্ষার্থে দেশের বাইরেও যেতে চান তিনি। সাজ্জাদ বলেন, 'নিজের জন্য, দেশের জন্য কিছু করতে চাই।'



সাজ্জাদ আলম

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

# সমকাল

দ্বিতীয় সংস্করণ



দেবযানীর পূর্ণ দায়মুক্তি পৃষ্ঠা-১২

আবদুল গাফ্‌ফার চৌধুরীর লেখা : 'এই সংসদ ও সরকারের মেয়াদ কতদিন?' : পৃষ্ঠা-৪



খোলা হাওয়া বিজ্ঞান বলয় ঘাসফড়িং ২০ পৃষ্ঠা কাগজের সঙ্গে ৪ পৃষ্ঠার আয়োজন

www.samakal.net | www.esamakal.net ১১ জানুয়ারি ২০১৪, ২৮ পৌষ ১৪২০, ৯ রবিউল আউয়াল ১৪৩৫, রেজি. নং ডিএ ৪০৬৪, বর্ষ ৯ সংখ্যা ২৮৭ শনিবার দাম | ১০ টাকা

# পাটিগণিতের নতুন সূত্র উদ্ভাবক সাজ্জাদ

সূত্র উদ্ভাবন সম্পর্কে গণিত পরিক্রমার সম্পাদক শামসুর রহমান বলেন, 'সাজ্জাদ আলম অনুপাত-সমানুপাতের সব অঙ্ক করার জন্য আরও ১৪টি সূত্র উদ্ভাবন করেছে। আমি আশা করছি, সাজ্জাদ ভবিষ্যতে গণিতের জন্য আরও বেশি পরিশ্রম করবে। দেশের তরুণ সমাজ তাকে দেখে গবেষণায় আকৃষ্ট হবে।'

| নাদিম মজিদ



সাজ্জাদ আলম

বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দেওয়ার সময় সাজ্জাদ আলম সময়ের গুরুত্ব ভালোভাবে টের পান। অল্প সময়ে অনেক প্রশ্নের উত্তর লিখতে হয়। সময়ের অভাবে সব প্রশ্নের উত্তর দেওয়া যায় না। আবার তাড়াহুড়ার কারণে অনেক সময় ভুল উত্তর দিয়ে আসতে হয়। কোনো কোনো বিশ্ববিদ্যালয়ে আছে নেগেটিভ মার্কিং। উত্তর ভুল হলে কাটা যাবে নম্বর। এসব সমস্যার মুখোমুখি হয়ে তার মনে হলো, ইস! যদি কম সময়ে নির্ভুলভাবে বেশি উত্তর করা যেত! এমন ভাবনা থেকে একসময় উদ্ভাবন করেন পাটিগণিতের অনুপাত-সমানুপাত বিষয়ে ১৪টি সূত্র। সূত্রগুলোর অপরিহার্যতা এবং মৌলিকত্ব নিশ্চিত হওয়ার পর বাংলাদেশ গণিত সমিতির পক্ষ থেকে প্রকাশিত 'গণিত পরিক্রমা'র ২১শ' খণ্ডে এগুলো প্রকাশ করা হয়।

সাজ্জাদ আলম তার কাজ সম্পর্কে বলেন, 'ভর্তি পরীক্ষা দেওয়ার সময় আমি সময়স্বল্পতা বুঝতে পারি। তাই কম সময়ে কাজ করার জন্য পদ্ধতি বের করতে মনোযোগী হই। পাটিগণিতের অনুপাত-সমানুপাত অধ্যায়ের অঙ্কগুলোর ক্ষেত্রে আমাদের পাঠ্যবইয়ে তিনটি সূত্র প্রচলিত আছে। সূত্রগুলো লিখেছেন গণিত সম্রাট যাদব। এ সূত্রগুলো দিয়ে অনুপাত-সমানুপাতের সব অঙ্ক করা যায় না। এ সীমাবদ্ধতা কাটাতে আমি কাজ শুরু করি। ২০১১ সালে আমি এ অধ্যায়ের জন্য প্রয়োজনীয় আরও ১৪টি সূত্র উদ্ভাবন করি। আগের তিনটি সূত্রের সঙ্গে এ ১৪টি সূত্র যোগ করে অনুপাত-সমানুপাতের সব অঙ্ক সমাধান করা যায়।'

বর্তমান সময় তথ্যপ্রযুক্তির। এখন মানুষ হাতে লেখার চেয়ে কম্পিউটারে লেখে বেশি। তাই সূত্র উদ্ভাবন করে বসে থাকেননি সাজ্জাদ। এ সূত্রগুলোকে এমএস এক্সেলে ব্যবহারের উপযোগী কি-না তাও পরীক্ষা করে দেখেছেন। প্রচলিত তিনটি সূত্র এমএস এক্সেলে ব্যবহারের উপযোগী না হলেও তার সূত্রগুলো ব্যবহারের উপযোগী।

সাজ্জাদ সূত্র উদ্ভাবন করে বসে থাকেননি। বিভিন্ন ধাপ পেরিয়ে তিনি বাংলাদেশ গণিত সমিতি থেকে স্বীকৃতি পান। তিনি বলেন, আমি সূত্র উদ্ভাবন করে আমাদের করিমগঞ্জ ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. মুখতার হোসেনকে দেখাই। স্বীকৃতি পাওয়ার জন্য তিনি আমাকে সায়েন্স ল্যাবরেটরিতে যাওয়ার পরামর্শ দেন। ধানমণ্ডির সায়েন্স ল্যাবরেটরিতে গেলে তারা সূত্রগুলোর স্বীকৃতি দিতে অপারগতা প্রকাশ করেন। তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে যোগাযোগের পরামর্শ দেন। তারপর আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে যাই। সেখানে অধ্যাপক শফিকুল ইসলাম স্যার আমার সূত্রগুলো দেখেন। তিনি আমার কাছ থেকে সূত্রগুলোর এক কপি রাখেন এবং আমাকে সূত্রগুলো বাংলাদেশ গণিত সমিতিতে জমা দিতে বলেন। ২০১১ সালে সমিতিতে জমা দেওয়ার পর ২০১২ সালে সমিতির পত্রিকা 'গণিত পরিক্রমা'র সম্পাদক শামসুর রহমান স্যার আমাকে সূত্রগুলো গ্রহণ করার কথা বলেন। ২০১৩ সালের আগস্ট মাসে 'গণিত পরিক্রমা'র ২১শ' খণ্ডে তা প্রকাশ করা হয়।'

তার সূত্র উদ্ভাবন সম্পর্কে গণিত পরিক্রমার সম্পাদক শামসুর রহমান বলেন, 'সাজ্জাদ আলম অনুপাত-সমানু-পাতের সব অঙ্ক করার জন্য আরও ১৪টি সূত্র উদ্ভাবন করেছে। আমি আশা করছি, সাজ্জাদ ভবিষ্যতে গণিতের জন্য আরও বেশি পরিশ্রম করবে। দেশের তরুণ সমাজ তাকে দেখে গবেষণায় আকৃষ্ট হবে।'

সাজ্জাদ আলম ১৯৯০ সালের ১ ফেব্রুয়ারি কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলার ভাটিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। ২০০৪ সালে ভাটিয়া উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পাস করেন। তার বাবা বাংলাদেশ রেলওয়ের নিরাপত্তা প্রহরী। আর্থিক সমস্যার কারণে তার পড়াশোনা চলছে থেমে থেমে। ২০০৮ সালে এইচএসসি উত্তীর্ণ হন। পরিবারের ওপর চাপ কমাতে পড়াশোনার পাশাপাশি করেন টিউশনি। তথ্যপ্রযুক্তির সঙ্গে তাল মেলাতে ২০১০ সালে যুব উন্নয়ন প্রশিক্ষণকেন্দ্র থেকে করেছেন কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স। বর্তমানে তিনি ঈশা খাঁ বিশ্ববিদ্যালয়ের বিবিএ প্রথম সেমিস্টারে পড়ছেন। গণিত সম্রাট যাদবের উত্তরসূরি সাজ্জাদ আলম তার ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে বলেন, 'আমি একটি মানসিক হাসপাতাল করতে চাই, যেখানে বিনামূল্যে চিকিৎসাসেবা পাওয়া যাবে। আমি অনেক মেধাবী ছাত্রছাত্রী দেখেছি, যারা মানসিক রোগে আক্রান্ত হওয়ার পর আর সুস্থ হয়নি। দারিদ্র্যের কারণে তাদের পরিবারের সুচিকিৎসা দেওয়ার সামর্থ্য ছিল না। হয়তো তারা সুস্থ হলে দেশ তথা বিশ্বের জন্য কল্যাণকর কিছু করতে পারত। আমি নিজেও এসএসসি পাস করার পর অসুস্থ হয়ে পড়েছিলাম। আল্লাহ যদি সুস্থ না করতেন, তাহলে সূত্র উদ্ভাবন করতে পারতাম না। যতদিন বেঁচে থাকি ততদিন পৃথিবীর জন্য কল্যাণকর কিছু করতে চেষ্টা করে যাব। সেক্ষেত্রে মানুষের জন্য কল্যাণকর কিছু করার জন্য সফটওয়্যার তৈরির পরিকল্পনা আছে।'

তরুণ প্রজন্মের কাছে সাজ্জাদের কাজ হতে পারে একটি দৃষ্টান্ত। গবেষণা ও উদ্ভাবনে তরুণরা নিজেদের নিয়োজিত রাখলে সুফল পাবে বাংলাদেশ। সেটা হতে পারে গণিতের নতুন সূত্র অথবা কল্যাণকর যে কোনো আবিষ্কার ■



# লেখাপড়া

## ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়

ছায়ার শহর কিশোগঞ্জ শহরের এক প্রান্তে অবস্থিত ঈশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশ। ২০১২ সালে মার্চ মাসে সরকারি অনুমোদন পেয়ে সেপ্টেম্বর মাসে ক্লাস শুরু করে হাটি হাটি পায়ে প্রায় এক বছর হয়ে যাচ্ছে ঈশাখাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়। সুসজ্জিত পরিবেশে শহরের সবচেয়ে উচু বিল্ডিং নিয়ে ঈশাখাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়টিতে বর্তমানে চারটি শাখায় ৩০০ জন ছাত্রছাত্রী। মেধাবী ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ খুব গোছানোভাবে রেখে তাদের ক্লাস, পরীক্ষা ছাড়াও নানা সাহিত্য সাংস্কৃতিক কর্মকাণ্ড, খেলাধুলা জাতীয় ও আন্তর্জাতিক নানা দিবসের কার্যক্রম ইত্যাদি সব কিছুই তাদের অংশগ্রহণ রেখেছে। এই বিশ্ববিদ্যালয় কিশোরগঞ্জ জেলার ১৩টি থানা ছাড়াও বাংলাদেশে অনেক জেলা থেকে ছাত্রছাত্রী ভর্তি হচ্ছে। এই বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রী দ্বারা পরিপূর্ণ আনন্দঘন ক্যাম্পাস ঘুরে কথা হয় বিভিন্ন শাখার ছাত্রছাত্রীদের সঙ্গে তারা জানায়, ৩য় সেমিস্টার চলছে অনেকের। কেউ বিবিএ, কেউ এল এল বি ১ম, কেউ ইংরেজি, আবার কেউ এল এল বি প্রিলিমিনারি তে পড়ছে। তারা তাদের বিশ্ববিদ্যালয়টি সম্পর্কে বলেন, প্রথমে কিশোরগঞ্জে একটি বিশ্ববিদ্যালয় হওয়ায় তারা খুবই আনন্দিত ও উপকৃত কারণ তারা খুব কম খরচে বাড়ির কাছে একটি বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পাচ্ছে। এমন একটি বিশ্ববিদ্যালয় আরও অনেক আগেই কিশোরগঞ্জ জেলায় হওয়া উচিত ছিল। অনেক ছাত্রছাত্রীরা জানায়, যে অনেক দরিদ্র পরিবারের মেধাবী ছাত্রছাত্রীরা এখানে ভর্তি হয়েছে যাদের সামর্থ ছিল না। সিরাজগঞ্জ, নরসিংন্দি থেকে আসা দুজন ছাত্র জানায় তারা এখানে বিবিএ পড়ছে। এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া সম্পর্কে তাদের কাছে জানতে চাইলে তারা জানায় বাংলাদেশের অনেক বিশ্ববিদ্যালয়ের চেয়ে এখানে ভর্তি এবং লেখাপড়ার খরচ কম, এখানের পড়া লেখার মান ভালো। কোন রাজনীতি, বিশৃঙ্খলা পরিবেশ এসব কিছুই নেই। এখানে শিক্ষার পরিবেশ খুবই সু-শৃঙ্খল এবং আনন্দময় তাই এখানে পড়া লেখার জন্য ভর্তি হওয়া।



বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্যের সঙ্গে কথা বললে তিনি জানান ঈশাখাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ একটি আদর্শ বিশ্ববিদ্যালয় হিসেবে পরিচিতি পাচ্ছে। এক বছরের কম সময়ে তিনশত ছাত্রছাত্রী নিয়ে চারটি শাখায় ক্লাস চলছে। এই চারটি শাখা হল (১) এলএলবি (২) বিবিএ (৩) ইংরেজি (৪) এলএলবি প্রিলিমিনারি। এছাড়া স্নাতকোত্তরসহ আর ১১টি শাখার অনুমোদন আছে, সেসব শাখায় খুব তাড়াতাড়ি চালু হবে। লাইব্রেরি, কম্পিউটার, ইন্টারনেট, ক্যান্টিন, অডিটরিয়ামের ব্যবস্থা আছে এছাড়া দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীর জন্য বিশেষ ব্যবস্থা আছে। মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি আছে। ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয় থেকে বৃত্তি নিয়ে বিদেশে যেতে পারবে। ছাত্রছাত্রীরা দুই বছর এই বিশ্ববিদ্যালয়ে পড়ে বিদেশে বাকি দুই বছর পড়বে। সেক্ষেত্রে ছাত্রছাত্রীরা শুধু যাতায়াত খরচ দিবে। বাকি সব খরচ, বিশ্ববিদ্যালয় দিবে। ভিসি দুর্গাদাস ভট্টাচার্য জানায় কিশোরগঞ্জ জেলার পূর্বের শিক্ষা ব্যবস্থা অনেকটাই পিছিয়ে ছিল। তাই তিনি শিক্ষা ব্যবস্থার বিভিন্ন ক্ষেত্রে শিক্ষা বিস্তারে সাহায্য করছেন। এই বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার মাধ্যমে তিনি চান তার নিজ জেলাসহ দেশের অনেক মেধাবী ছাত্রছাত্রীরা তাদের মেধা বিকাশে সুযোগ পাবে এবং সেই মেধাবী ছাত্রছাত্রীরা দেশ ও জাতি গঠনে ভূমিকা রাখবে এটাই তার প্রত্যাশা।

*সেবিকা দেবনাথ*




## বিইউবিটি ট্যালান্ট হান্ট

বিইউবিটি কালচারাল ক্লাবের আয়োজনে বা
টেকনোলজি (বিইউবিটি) সম্প্রতি তিন সপ্তাহ ব্যা
কমপিটিশান-২০১৩"। গত ২১ শে জুন শুরু হয়ে
উৎসব পরিচালিত হয় বিইউবিটির মিরপুরস্থ স্থা
রচনা প্রতিযোগিতা ,উপস্থিত বক্তৃতা,নির্ধারিত ব
লালন গীতি, মূকাভিনয়, কবিতা আবৃত্তি,নাট্য
ইভেন্টের মধ্যে ছাত্র-ছাত্রীদের মধ্যে এই চূড়ান্ত
বিভাগের গ্র্যাজুয়েট ও আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামে
ছাড়া বিশেষ কিছু ইভেন্টে অংশগ্রহণ করেন বিই
প্রতিটি ইভেন্টের বিচারকের দায়িত্ব পালন কর
শিক্ষকবৃন্দ, সমন্বয়কারীর দায়িত্বে ছিলেন বিইউ
হোসেন এবং প্রতিযোগিতাটির সার্বিক পরিচালনা
প্রধান উপদেষ্টা এবং প্রোক্টর-বিইউবিটি, প্রফেস
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছি
কালচারাল ক্লাবের চীফ পেট্রোন প্রফেসর মো
শিক্ষার্থীদের মাঝে লুকিয়ে থাকা প্রচ্ছন্ন প্রতিভা
করবে। একজন ছাত্রের লেখাপড়ার পাশাপাশি
মাধ্যমে ভবিষ্যত জীবন গড়তে গুরুত্বপূর্ণ ভূমিকা
নিয়মানুবর্তিতা, শৃংখলা বোধ এবং মেধা বিকাশে
তিনি কালচারাল ক্লাবের উদ্যোগে এ ধরনের
সব রকম সাহায্য সহযোগীতার আশ্বাস প্রদান ক
অনুষ্ঠানের সভাপতির বক্তব্যে কালচারাল ক্লা
প্রফেসর মিএরা লুৎফার রহমান বলেন ছাত্র-ছা
সৃজনশীল মেধার অনুসন্ধান করা, মেধার যথাযথ
ব্যবহারে অভ্যস্থ করে তোলাই এ উৎসব আয়ো

লেখাপড়া

## প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার বাংল

লেখাপড়া

সংবাদ | ১৯

ঢাকা : শুক্রবার ২৯ ভাদ্র ১৪২০
Dhaka : Friday 13 September 2013

ক্যাম্পাস




# কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দিয়েছে ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

কিশোরগঞ্জের উচ্চ মাধ্যমিক পরীক্ষা-২০১৩ এর উত্তীর্ণ কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দিয়েছে ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি- বাংলাদেশ। জেলার শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সংবর্ধনা দেয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. দুর্গাদাস ভট্টাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কিশোরগঞ্জ জেলা প্রশাসক মো. সিদ্দিকুর রহমান, বিশেষ অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) মো. এমদাদুল হক চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অসীম সরকার। এছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, স্থানীয় সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, অভিভাবক ও সংবর্ধিত শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ট্রাস্টের সেক্রেটারি ডা. আ ন ম নৌশাদ খানের স্বাগত বক্তব্যের মাধ্যমে শুরু হওয়া এ অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, সংবর্ধিত শিক্ষার্থীদের প্রতিনিধি, বিশেষ অতিথি, প্রধান অতিথি ও সভাপতির প্রাণবন্ত বক্তব্য শিক্ষার্থীদের উজ্জীবিত করে এবং তারা মেধা, মননে ও শিক্ষায় বাংলাদেশকে বিশ্বের বুকে তুলে ধরার শপথ নেয়।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে সংবর্ধিত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।

দুঃখ ঘৃণা এবং ভয়কে হাসি
মুখে বরণ করতে পারলে
সংসারে শান্তি আসবে

প্রকাশনার ১৯ বছর

# রাজধানী বার্তা

RAJDHANI BARTA(ANATIONAL FORTNIGHTLY

রেজি ঃ ডিএ নং-৯৩৩ ❑২০ বর্ষ ❑সংখ্যা-৫৩ ❑ ঢাকা ❑১-১৫ সেপ্টেম্বর ২০১৩ইং ❑ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা

## রগঞ্জ (৩) করিমগঞ্জ তাড়াইল সংসদীয় আসনে
## র্থী বাছাইয়ে শেখ কবির : ডাঃ ইকবাল এগিয়ে

ংসদ নির্বাচনে আওয়ামী লীগ
ী মনোনয়ন বাছাইকল্পে উপজেলা
সভাপতি/সাধারণ সম্পাদকগণ
ঞ্জ-৩ কমিরিগঞ্জ তাড়াইল সংসদীয়
াছাইয়ে শেখ কবির আহমেদ ও
ব ইকবাল এগিয়ে রয়েছে। সূত্রে
য়, তাড়াইল উপজেলা আওয়ামী
ভাপতি আজিজুল হক মোতাহার
াইয়ে নিজেকে যোগ্য মনে করেন
োগ্য প্রার্থী শেখ কবির আহমেদ
োগ্য প্রার্থী অধ্যাপক আসাদুল হক।
তাড়াইল উপজেলা আওয়ামী
াধারণ সম্পাদক গিয়াস উদ্দিন
গ্য প্রার্থী হিসাবে সাবেক এমপি ডঃ
হক প্রথম, দ্বিতীয় যোগ্য প্রার্থী
বর আহমেদ এবং তৃতীয় যোগ্য
ঃ মাহবুব ইকবালের নাম উল্লেখ
অপরদিকে করিমগঞ্জ উপজেলা
আহ্বায়ক আলহাজ্ব নাসিরুল
খান আওলাদ নিজেকে যোগ্য প্রার্থী
উল্লেখ করেন। তিনি গত সংসদ
আওয়ামী লীগ দলীয় মনোনয়ন
লেন। মহাজোট সরকারের
কিনি বিদ্রোহী প্রার্থী না হয়ে জোট
পক্ষে কাজ করেছেন। দ্বিতীয়
র্থী হিসাবে তিনি তাড়াইল উপজেলা
আজিজুল হক মোতাহার এবং

তৃতীয় যোগ্য প্রার্থী ডাঃ মাহবুব ইকবালের নাম উল্লেখ করেন বলে জানা যায়।
এখানে উল্লেখ্য এই আসনে মহাজোট প্রার্থী মুজিবুল হক চুন্নু বিপুল ভোটে জয়লাভ করেন। করিমগঞ্জের আহ্বায়ক নাসিরুল ইসলাম খান গণভবনে তৃণমূলের সভায় আওয়ামী লীগ সভানেত্রীর উদ্দেশ্যে বলেছিলেন, "আগামী জাতীয় সংসদ নির্বাচনে লাঙ্গল বিহীন নৌকা চাই।"

### কটিয়াদী-পাকুন্দিয়া আসনে যাদের নাম রয়েছে

কিশোরগঞ্জ-২ (কটিয়াদী-পাকুন্দিয়া) আসনে ইঞ্জিনিয়ার এম, এ, মান্নান যোগ্য প্রার্থী হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে চান। এ লক্ষ্যে বর্তমান সরকারের সময় তৃণমূল পর্যায়ে অন্যান্য প্রার্থীদের তুলনায় মাঠে সরব থেকেছেন। পোষ্টার, ব্যানার, সভা সমাবেশ, ইফতার পার্টি, হোণ্ডা মিছিল, গণসংযোগ, ওয়াজ মাহফিলে স্বেচ্ছায় উপস্থিতি, খেলাধুলায় পৃষ্ঠপোষকতা প্রদান ইত্যাদি কর্মকাণ্ড দলীয় নেতা কর্মীদের নিয়ে তার উপস্থিতি লক্ষ্য করার মত। তিনি একজন মুক্তিযোদ্ধা। গণভবনে প্রার্থী বাছাইয়ে পাকুন্দিয়া ও কটিয়াদী উপজেলার সভাপতি ও

- ২ এর পাতায় দেখুন

## নজরে আওয়ামীলীগ সরকারের যুগান্তকারী উন্নয়ন

## কিশোরগঞ্জের HSC পরীক্ষা -২০১৩ এর কৃতি শিক্ষার্থীদের সংবর্ধিত করল ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি,বাংলাদেশ

রাজধানী বার্তা রিপোর্ট : ঈশা খাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর উদ্যোগে কিশোরগঞ্জের HSC ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান-২০১৩ গত ৬ সেপ্টেম্বর, ২০১৩ খ্রি. শুক্রবার জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে



সকাল ১১টায় অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (অবৈতনিক) প্রফেসর ড. দূর্গাদাস ভট্টাচার্য্য এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রধান অতিথি ছিলেন কিশোরগঞ্জের জেলা প্রশাসক মো: সিদ্দিকুর রহমান, বিশেষ অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) মো: এমদাদুল হক

- ২ এর পাতায় দেখুন

## নির্দলীয় সরকার ব্যবস্থা পুনর্বহাল আন্দোলন সহিংস-অসহিংস দ্বন্দ্বে বিএনপি!

এম. ওমর ফারুক :

চূড়ান্ত আন্দোলনের প্রস্তুতিপর্বে ঘোর দ্বন্দ্বে পড়েছে বিএনপি। সংবিধানে নির্দলীয়

আন্দোলনের পরবর্তী কর্মসূচি চূড়ান্ত হবে। বিএনপির দায়িত্বশীল একাধিক সূত্রে জানা গেছে, প্রাথমিকভাবে মধ্য-আগস্ট থেকেই





### তৃণমূলের ভালবাসায় সিক্ত দেশনেতা উপাধিতে তারেক রহমান

সেই কৈশোরে বাবাকে হারানো কোমল হৃদয়ে রক্তাক্ত ইতিহাস, বেদনাহত দীর্ঘ পথ পরিক্রমায় ১৯৯১'র পর ২০০১ সালে মাঠ ও নির্বাচনী রাজনীতির বিজয়ী বীর, মেধা আর প্রযুক্তির সমন্বয়ে সৃষ্টিশীল কর্মমুখী তৃণমূলের তিনিই সঞ্চালক। পরাজিত অশুভ শক্তি মিথ্যার রাজা গোয়েবলস তত্ত্বে জন্ম দেয় কথিত ১/১১'র। ঘটক অনুঘটকদের স্বপ্ন রাজ্য নিষ্কণ্টক করতে তাকে দেয় দেশ ত্যাগের নোটিশ, স্মৃতিতে বাবার স্বাধীনতা ঘোষণা জেগে উঠেন রক্তদ্রোহে। আধিপত্য ও সম্প্রসারণবাদীদের ষড়যন্ত্রে স্বাধীনতা সার্বভৌমত্ব গণতন্ত্র বিপন্নের লগ্নে হায়েনাদের হুংকার মাড়িয়ে আপামর জনতার পাশে থেকে প্রমাণ রাখলেন তিনিই আমাদের নেতা। শঙ্কিত 'ওরা' কল্পকাব্যে কারারুদ্ধ করলো তার শ্রদ্ধেয়া মা দেশনেত্রী বেগম খালেদা জিয়া, অনুজ সহোদর আরাফাত রহমান ও তাকে। ইথারে কণ্ঠ ধ্বনি 'দেশে ছিলাম আছি থাকব ইনশাআল্লাহ'। হতবিহ্বল 'ওরা' তার শ্রদ্ধেয়া শাশুড়ি মাতা সৈয়দা ইকবাল মান্দ বানু, স্ত্রী ডাঃ সৈয়দা জুবায়দা রহমান, শিশু সন্তান জায়মা রহমানকে নিয়ে কল্পকাব্য রচনা করেও তাকে দমাতে পারেনি, তিনি বলে দিলেন 'মা মাটি মানুষের সাথে আমাদের রক্ত আকর বন্ধন, জন্মেছি এ